**WE ARE YOUR DOL**

NEW YORK STATE | Department of Labor

শ্রমমান শাখা (Division of Labor Standards)

# শ্রমমান বলবৎকরণ প্রক্রিয়ার বিজ্ঞপ্তি

## অভিযোগ প্রাপ্তি এবং পর্যালোচনা:

যখন কোনও ব্যক্তি কোনও কর্মসংস্থান সম্পর্কিত অভিযোগ **শ্রমমান শাখাকে** ব্যক্তিগতভাবে, ফোনে বা মেলে জানায়, তখন আমাদের প্রথম পদক্ষেপটি হল এই সমস্যাটি কি এমনকিছু কিনা নির্ধারণ করা, যেখানে সমস্যাটি আমাদের "বিচারব্যবস্থা"-তে অন্তর্ভুক্ত হলেও আমাদের হস্তক্ষেপ করার আইনি কর্তৃত্ব আছে। স্পষ্টভাবে যদি তা না থাকে, তাহলে আমরা আপনাকে এজেন্সি বা সংস্থায় পাঠানোর সর্বাত্মক প্রচেষ্টা করব যেটি আপনাকে সর্বোত্তমভাবে সহায়তা করতে পারে।

যদি আপনার অভিযোগটি শ্রম মান বিচারব্যবস্থার আওতাভুক্ত হয়ে থাকে, তাহলে আপনাকে একটি **দাবি ফর্ম** পূরণ করতে বলা হবে। একটি দাবি ফর্ম পূরণের পরে একটি "অভিযোগ" একটি "দাবিতে" পরিণত হয়ে যায়। আমাদের দাবির পর্যালোচনার বা তদন্তের সময়কালে যেকোনও সময় আপনাকে অতিরিক্ত তথ্য সরবরাহ করতে বলা হতে পারে। আপনার জমা দেওয়া দাবি ফর্মটি পর্যালোচনা করার পরে, আপনাকে দাবির নম্বরটি **(LCM#)** ডাকযোগে জানানো হবে যা এটিতে নির্ধারিত হয়েছে, এর পাশাপাশি দাবিটির স্থিতির মাধ্যমে এটাও জানানো হবে যে, আপনার দাবিটি পরবর্তী তদন্তের জন্য মান্য করা হচ্ছে কিনা। অনুরোধ অনুযায়ী অতিরিক্ত তথ্য প্রদানে ব্যর্থ হলে দাবির মূল্যায়ন বিলম্বিত হবে এবং/অথবা NYSDOL তদন্তের জন্য দাবি গ্রহণ করতে অস্বীকার করতে পারে।

একটি দাবি জমা দেওয়ার মাধ্যমে, আপনি স্বীকার করছেন এবং অবগত হচ্ছেন যে NYSDOL, কমিশনার অফ লেবার কর্তৃপক্ষের বিবেচনার ভিত্তিতে, তদন্তের জন্য আপনার দাবির মূল্যায়ন করবে, গৃহীত যেকোনো দাবির তদন্তের সুযোগ নির্ধারণ করবে এবং যত দ্রুত সম্ভব দাবির সমাধান করবে। অভিযোগের নিষ্পত্তি এবং লঙঘনের সমাধান শ্রম কমিশনার দ্বারা নির্ধারিত হবে।

## দাবির তদন্ত:

যদি আপনার দাবির সাপেক্ষে তদন্ত করার সিদ্ধান্ত নেওয়া হয়, তাহলে আপনাকে একটি কেস নম্বর **(LS#)** ডাকযোগে পাঠানো হবে। তদন্ত করার জন্য কর্মী উপলভ্য থাকলে বিভিন্ন কেসকে অ্যাসাইন করা হবে। আপনার কেসটি কোনো তদন্তকারীকে অ্যাসাইন করার পর, আপনাকে সেই সম্পর্কিত একটি চিঠি পাঠানো হবে। প্রতিটি দাবির ক্ষেত্রে তথ্য ও পরিস্থিতি ভিন্ন ভিন্ন হওয়ার কারণে তদন্ত চলাকালীন এই শাখা **বিভিন্ন রকমের কার্যকরী কৌশলের ব্যবহার** করতে পারে। এই তদন্তের জন্য প্রয়োজনীয় সময়ের পরিমাণও পরিবর্তিত হয়, সেটি প্রাথমিকভাবে নিয়োগকর্তার সহযোগিতার মাত্রা, যেকোনো পক্ষকে যে প্রয়োজনীয় তথ্য দিতে বলা হয়েছে, তা তারা যত দ্রুততার সাথে দেয় অথবা এবং রেকর্ড, সাক্ষী ইত্যাদির মতো প্ররোচিত প্রমাণের প্রাপ্যতার উপরে নির্ভর করে। **শাখার** পক্ষ থেকে নিয়োগকর্তার সঙ্গে টেলিফোনে, চিঠি বা উভয় মাধ্যমে যোগাযোগ করে দাবিটির বিষয়ে তদন্ত শুরু করা হয়। যদি নিয়োগকর্তা আমাদের চিঠির প্রত্যুত্তর জানিয়ে এই দাবির সাপেক্ষে বিভিন্ন তথ্য ও তাকে জিজ্ঞাসা করা বিভিন্ন প্রশ্নের উত্তর অথবা সিদ্ধান্ত নেওয়ার জন্য জরুরী বিভিন্ন তথ্যকে জমা দিতে না পারে, তাহলে তাকে দ্বিতীয়বার একটি চিঠি পাঠানো হতে পারে। আমরা মাঝেমধ্যে আপনাকে চিঠি লিখে এই তদন্তের স্থিতি সম্পর্কে আপনাকে অবগত করবো যতক্ষণ না এর সাপেক্ষে অন্তিম সিদ্ধান্ত গ্রহণ করা হচ্ছে।

## ঘটনাস্থলে তদন্ত করা:

কিছু ক্ষেত্রে, শ্রম আইনের লঙঘনের সমাধান খুঁজে বার করতে ঘটনাস্থলে যাওয়া/ তদন্ত করা প্রয়োজনীয় হয়ে থাকে। এটি তখনই আবশ্যিক হয়ে পড়ে যখন কোনো নিয়োগকর্তা লঙঘন সংক্রান্ত সমস্যা সমাধানের জন্য আমাদের প্রচেষ্টার

প্রত্যুত্তরে কিছু জানায় না অথবা যদি ওই লঙ্ঘনটি সম্পূর্ণ কর্মক্ষেত্রের উপর প্রভাব ফেলে থাকে এবং এক্ষেত্রে কর্মক্ষেত্র গিয়ে তদন্ত করাই শ্রেয়।

**<u>তদন্ত সংক্রান্ত কনফারেন্স:</u>**

কদাচিৎ, নিয়োগকর্তাকে দাবির সঙ্গে জড়িত বিষয়গুলি নিয়ে আলোচনা করার জন্য একটি অধিবেশনে যোগ দেওয়ার জন্য অনুরোধ করা যেতে পারে। যেখানে একটি বিরোধ বা অসম্মতি বিদ্যমান, সেখানে একটি **সম্মতি সম্মেলন** বকেয়া সমস্যা সমাধানের জন্য অনুষ্ঠিত হতে পারে, যাতে আপনাকে এবং আপনার নিয়োগ কর্তাকে আমন্ত্রণ জানানো হয়।

**<u>তদন্তের ফলাফল খুঁজে পাওয়া তথ্যের উপস্থাপনা:</u>**

তদন্ত শেষ করার পর আমরা যদি নির্ধারণ করি যে শ্রম আইনের লঙ্ঘন ঘটেছে তাহলে এই **শাখা** সেই লঙ্ঘনকে ঠিক করার ব্যবস্থা করবে যার ফলে পাওনাদারকে তার মজুরি পুনরায় দিতে হবে। তবে, যদি নিয়োগকর্তা তাকে সম্মতি না দেয় বা কোন সমাধান খুঁজে বার না করে তাহলে **শ্রম কমিশনার** কর্তৃক একটি **বাধ্যতামূলক আদেশ** জারি করা হতে পারে। লঙ্ঘন ঘটেছে বলে নির্ধারিত হলে বা অর্ডার জারি করা হলেও তা সব ক্ষেত্রে আর্থিক পরিশোধ পাওয়ার গ্যারান্টি দেয় না। যদি নিয়োগকর্তার, এই শাখা খুঁজে পাওয়া তথ্যের সাথে অসম্মত হয়, তাহলে তারা প্রথাগত শুনানির জন্য **ইন্ডাস্ট্রিয়াল বোর্ড অফ আপিলে (Industrial Board of Appeals)** আবেদন করতে পারবেন। এ আপিল প্রক্রিয়া চলাকালীন, নিউ ইয়র্ক স্টেটের শ্রম দপ্তর কর্মচারী(দের) প্রতিনিধিত্ব করে। এই দাবির সমাধান করতে মান্যকরণের আদেশকে বার করতে বহু বছর সময় লাগতে পারে কারণ নিয়োগকর্তা আমাদের খুঁজে পাওয়া বিভিন্ন তথ্যকে অস্বীকার করতে সচেষ্ট, এই সকল দাবিগুলিকে খন্ডিত করার জন্য সে বিভিন্ন প্রমাণ উপস্থাপিত করে থাকবে এবং বহু সাক্ষীকে ডাকতে হবে।

**<u>দেওয়ানী বা ফৌজদারি পদ্ধতি:</u>**

**বাধ্যতামূলক আদেশের** আপিলটি সময় মতো দায়ের না করা এবং নিয়োগকর্তা এখনও অর্থ প্রদান জমা না করলে, বিষয়টি দেওয়ানি বলবৎকরণের জন্য এটি কাউন্টি ক্লার্কের কাছে পাঠানো যেতে পারে, যা **"অর্থ রায়"**-এ প্রবেশের অন্তর্ভুক্ত। **এই সকল বিচার 10 বছর ধরে চলতে পারে এবং এই শাখা চেষ্টা করবে যাতে সপিনা বা অন্য কোন উপায়ে এর সমাধান খুঁজে বার করা যায়। সকল আদেশকেই বিচার ব্যবস্থার আওতায় আনা হয় না। তবে এই শাখা কিছু পরিস্থিতিতে অর্থ সংগ্রহের জন্য নির্দিষ্ট কাজ করতে পারে না। এই সকল পরিস্থিতির সম্পর্কে আপনাকে অবগত করা হবে যদি সেটি আপনার ক্ষেত্রে প্রযোজ্য হয়। নিয়োগকর্তার বিরুদ্ধে দেওয়া রায় এটাও নিশ্চিত করে না যে এই দপ্তর ওই টাকা সংগ্রহ করতে পারবে।**

**<u>বিচারের জন্য বরাদ্দ:</u>**

**যদি কোনো ব্যক্তির অর্থ রায় অনুযায়ী তার মজুরি পাওয়ার কথা থাকে তারা এও অনুরোধ জানাতে পারে যে কমিশনার মহাশয় তাদেরকে এই রায়কে বলবৎ করার ক্ষমতা তাদেরকে দিক এবং তারা নিজেরাই প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করে তাদের অর্থ সংগ্রহ করুক।**

এর সঙ্গে, অ্যাটর্নি জেনারেলের কাছে **ফৌজদারি মামলা**র সুপারিশ একটি বিকল্প হতে পারে - যদি প্রমাণটি যথেষ্ট হয় এবং মামলা গ্রহণযোগ্য হওয়ার জন্য কিছু অন্যান্য আইনি মানদণ্ড (যেমন নিয়োগকর্তার পরিচিতির ক্ষেত্রে যদি কিছু জানা থাকে) বিদ্যমান থাকে। নিউ ইয়র্ক স্টেটের শ্রম আইন লঙ্ঘনের জন্য ফৌজদারি মামলা দায়ের করা হয়েছে, ক্ষতিগ্রস্ত পক্ষগুলির কারণে কোনও আর্থিক পরিমাণের জন্য করা হয়নি।

**<u>দাবি জানানোর বিকল্প উপায়:</u>**

আপনি প্রদান না করা বেতন, বেতন সম্পূরক, ওভারটাইম পে, ক্ষতিপূরণ ইত্যাদির বিষয়ে **ছোট দাবির আদালতে** দাবি উত্থাপন করতে পারেন। ছোট দাবির আদালত হল একটি অনানুষ্ঠানিক আদালত যেখানে কোনও ব্যক্তি শুধু নিজের প্রাপ্য

অর্থ পাওয়ার জন্য, আইনজীবী ছাড়াই মামলা করতে পারেন। আপনি $3,000 পর্যন্ত অর্থের জন্য শহরতলী বা গ্রামের আদালতে এবং $5,000 পর্যন্ত অর্থের জন্য শহরের আদালতে মামলা করতে পারেন। আপনার ক্ষয়ক্ষতির দাবির পরিমাণ যদি $3,000 বা $5,000-এর বেশি হয়, তাহলে সর্বোচ্চ মাত্রা অতিক্রম হয়ে যাওয়া এড়াতে আপনি সেটাকে দুটি বা তার বেশি দাবিতে ভাগ করতে পারবেন না। আপনার দাবি যদি সর্বোচ্চের বেশি হয়, তাহলে আপনি দেওয়ানি আদালতে মামলা করতে পারেন।

নিউ ইয়র্ক স্টেটের প্রতিটি শহর, শহরতলী এবং গ্রামে ছোট দাবির আদালত আছে।

দাবি দাখিল করার জন্য আপনাকে অবশ্যই ফর্ম পূরণ করতে হবে এবং ব্যবসার নাম, বৈধ নাম ও ব্যবসার ঠিকানা সঠিকভাবে প্রদান করতে হবে। ব্যবসার আইনি নাম খুঁজে পাওয়ার জন্য, আপনাকে কাউন্টি ক্লার্কের অফিস সাহায্য করতে পারে। দাবি দাখিল করার জন্য আপনাকে সর্বাধিক $20.00 পেমেন্ট করতে হবে, এটি দাবির অর্থরাশির উপর বা আপনি কোথায় বসবাস করেন তার উপর নির্ভর করে।

আপনার যদি দোভাষীর প্রয়োজন হয়, তাহলে আদালত বিনামূল্যে তা প্রদান করতে পারে।

অন্য কোনও প্রশ্ন থাকলে -এ নিউ ইয়র্ক স্টেট ইউনিফায়েড কোর্ট সিস্টেমের কাছে সরাসরি জানাতে 1-800-CourtNY (800) 268-7869 বা question@nycourts.govএ যোগাযোগ করতে পারেন, বা এখানে যান www.nycourts.gov.